

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০০২.২০১২ (অংশ-)-৮২

তারিখঃ ১২.০২.২০১৪ খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০)-ওপি-এর অনুকূলে স্থানীয় প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য জিওবি বাবদ ২৩,৯৯,৯৩০/- টাকা ও আরপিএ (জিওবি) বাবদ ৬,৫০,৭৫,৩৪০/- টাকা সর্বমোট ৬,৭৪,৭৫,২৭০/- (ছয় কোটি চুয়াত্তর লক্ষ পচাত্তর হাজার দুইশত সত্তর) টাকা অগ্রিম অর্থ উত্তোলনের অনুমোদন প্রদান সংক্রান্ত।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) শীর্ষক কর্মসূচির অনুকূলে স্থানীয় প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ অনুযায়ী জিওবি খাতে ২য় কিস্তিতে ছাড়কৃত ১৫০.০০ লক্ষ টাকা হতে ২৩,৯৯,৯৩০/- টাকা এবং আরপিএ (জিওবি) বাবদ ২য় কিস্তিতে ছাড়কৃত ৮৪০.৯৩ লক্ষ টাকা হতে ৬,৫০,৭৫,৩৪০/- টাকা সর্বমোট ৬,৭৪,৭৫,২৭০/- (ছয় কোটি চুয়াত্তর লক্ষ পচাত্তর হাজার দুইশত সত্তর) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে; এবং
- (ঘ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত জিওবি এবং আরপিএ(জিওবি) খাতের অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫১৫০-৪৮৪০ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৫৩  
saspil@mohfw.gov.bd




অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং- ৪৫.১৭২.০০৪.০০০.০০.০০২.২০১২ (অংশ-১)-৮২ /১(৯)

তারিখঃ ১২.০২.২০১৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, ইন-সার্ভিস ট্রেনিং, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৮। যুগ্ম-সচিব ( প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান ( পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব